৩৫১

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ
সেন্ট্রাল প্রকিউরমেন্ট টেকনিক্যাল ইউনিট (সিপিটিইউ)
শের-ই-বাংলা নগর, ঢাকা- ১২০৭।
Tel: ৪৮১১৯৪০০-০১, Fax: ৯১৮০৯৬৮, E-mail: info@cptu.gov.bd; Website: www.cptu.gov.bd

নং- ২১.০০.০০০০.৩৭০.৯৯.৮৭০ (অংশ-১).১৭. ৮৫৪

তারিখ: ১৪ অগ্রহায়ণ ১৪২৮
২৯ নভেম্বর ২০২১

# পরিপত্র

**বিষয়ঃ ই-জিপি সিস্টেমে নিবন্ধন ফি, নবায়ন ফি ও টেন্ডার ডকুমেন্ট ফি স্বয়ংক্রিয় চালানে (Automated Challan) পরিশোধ করার ব্যবস্থা অন্তর্ভুক্তকরণ।**

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, ই-জিপি সিস্টেমের সাথে স্বয়ংক্রিয় চালান (AChallan) সিস্টেমকে অন্তর্ভুক্ত করা হয়েছে যার মাধ্যমে ঠিকাদার/ সরবরাহকারী/ পরামর্শকগণ নিবন্ধন ফি, নবায়ন ফি ও টেন্ডার ডকুমেন্ট ফিসমূহ সহজেই জমা প্রদান করতে পারবেন।

০২। ঠিকাদার/ সরবরাহকারী/ পরামর্শকগণ স্বয়ংক্রিয় চালানের মাধ্যমে বর্ণিত ফিসমূহ পরিশোধ করার জন্য প্রথমে ই-জিপি সিস্টেমের অনলাইন পেমেন্ট থেকে স্বয়ংক্রিয় চালান নির্বাচনপূর্বক প্রয়োজনীয় তথ্য (পরিশোধের ধরন, ব্যাংক, টাকার পরিমাণ ইত্যাদি) প্রদান করবেন। অত:পর উক্ত তথ্যের ভিত্তিতে সংশ্লিষ্ট হিসাব (DBBL Nexus, VISA Card, Master Card, Rocket, etc.) থেকে পরিশোধের অনুমতি প্রদান করবেন। সঠিকভাবে পরিশোধ সম্পন্ন হলে ঠিকাদার/ সরবরাহকারী/ পরামর্শকগণ স্বয়ংক্রিয় চালান (AChallan) কপি সংরক্ষণ করতে পারবেন। একইসাথে ই-জিপি সিস্টেম স্বয়ংক্রিয়ভাবে একটি নিশ্চিতকরণ বার্তা প্রদর্শন করবে।

০৩। উল্লেখ্য যে, অর্থ বিভাগের বাজেট অনুবিভাগ-১, বাজেট অধিশাখা-৩ এর স্মারক নং- ০৭.০০.০০০০.১০৩.১৮.০০৩.১৯-২৩৯; তারিখ: ২৯/০৫/২০২১ মোতাবেক জারিকৃত পরিপত্র অনুসারে, সরকারি অর্থ ও বাজেট ব্যবস্থাপনা আইন, ২০০৯ এর ধারা-৭ এবং ট্রেজারি রুলসের রুল-৩ ও ৭(১) অনুযায়ী সকল ধরনের রাজস্ব ও বিভিন্ন সেবা ফি সরাসরি বাংলাদেশ ব্যাংকের সরকারি হিসাবে জমা প্রদানের নির্দেশনা রয়েছে।

০৪। এ বিষয়ে ঠিকাদার/ সরবরাহকারী/ পরামর্শকগণের সুবিধার্থে একটি Process Flow Document প্রেরণ করা হলো (সংযুক্ত)। এছাড়াও বর্ণিত ফিসমূহ পরিশোধ পদ্ধতি সংক্রান্ত সংশ্লিষ্ট ইউজার ম্যানুয়াল ইজিপি সিস্টেমে https://www.eprocure.gov.bd/help/manuals/eGP_NewUserRegManual_English.pdf লিংকে সংযুক্ত রয়েছে। অধিকন্তু, এ বিষয়ে সকল সহযোগিতার জন্য ই-জিপি হেল্পডেস্ক (২৪/৭)-এর ১৬৫৭৫ নম্বরে যোগাযোগ করা যেতে পারে।

০৫। এমতাবস্থায়, স্বয়ংক্রিয় চালান (AChallan) -এর মাধ্যমে বর্ণিত ফিসমূহ পরিশোধ করার জন্য ঠিকাদার/ সরবরাহকারী/ পরামর্শকগণকে অনুরোধ করা হলো এবং এ বিষয়ে সংশ্লিষ্ট সকলকে নির্দেশনা প্রদানের জন্য ক্রয়কারীগণকে অনুরোধ করা হলো।

২৯.১১.২০২১
মোঃ শোহেলের রহমান চৌধুরী
মহাপরিচালক (অতিরিক্ত সচিব)
সিপিটিইউ, আইএমইডি
পরিকল্পনা মন্ত্রণালয়।

নং- ২১.০০.০০০০.৩৭০.৯৯.৮৭০ (অংশ-১).১৭. ৮৫৪

তারিখ: ১৪ অগ্রহায়ণ ১৪২৮
২৯ নভেম্বর ২০২১

**বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):**

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ/ মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়।
২. সিনিয়র সচিব/ সচিব/ ------------------------ মন্ত্রণালয়/ বিভাগ।
৩. চেয়ারম্যান/প্রধান প্রকৌশলী/মহাপরিচালক/সংস্থা প্রধান, ------------------------। ক্রয়কারী সংস্থা ...................................... ক্রয়কারী সংস্থা (সকল)- ঠিকাদারদের বিষয়টি অবহিত করার অনুরোধসহ।
৪. প্রেসিডেন্ট, দি ফেডারেশন অব বাংলাদেশ চেম্বারস্ অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি (এফবিসিসিআই), ৬০, মতিঝিল, ঢাকা।
৫. প্রেসিডেন্ট, মেট্রোপলিটন চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি (এমসিসিআই), চেম্বার বিল্ডিং (ফোর্থ ফ্লর), ১২২-১২৪, মতিঝিল, কমার্শিয়াল এরিয়া, ঢাকা।
৬. প্রেসিডেন্ট, বাংলাদেশ ওইমেন চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি, হাউজ নং # ০২, ২য় ও ৩য় তলা, রোড# ২৩/সি, গুলশান# ০১, ঢাকা-১২১২।
৭. প্রেসিডেন্ট, বাংলাদেশ এসোসিয়েশন অব সফট্ওয়্যার এন্ড ইনফরমেশন সার্ভিসেস (বেসিস), বিডিবিএল ভবন (লেভেল-৫, পশ্চিম), ১২ কাওরান বাজার, ঢাকা-১২১৫।
৮. সভাপতি, বাংলাদেশ গভর্ণমেন্ট টেন্ডারার্স ফোরাম (বিজিটিএফ), সকল জেলা, বাংলাদেশ।
৯. প্রেসিডেন্ট, ডিস্ট্রিক্ট চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি, (সকল জেলা)।
১০. প্রেসিডেন্ট, বাংলাদেশ এসোসিয়েশন অব কনস্ট্রাকশন ইন্ডাস্ট্রি (বিএসিআই), হাউজ# ৪৩, রোড# ১৬ (পুরাতন ২৭), ধানমন্ডি, ঢাকা।

**সদয় অবগতির জন্য (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):**

১. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, পরিকল্পনা মন্ত্রণালয়, শের-ই-বাংলা নগর, ঢাকা।
২. মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, পরিকল্পনা মন্ত্রণালয়, শের-ই-বাংলা নগর, ঢাকা।
৩. সচিব মহোদয়ের একান্ত সচিব, আইএমইডি, পরিকল্পনা মন্ত্রণালয়, শের-ই-বাংলা নগর, ঢাকা।
৪. মহাপরিচালক মহোদয়ের ব্যাক্তিগত কর্মকর্তা, সিপিটিইউ, পরিকল্পনা মন্ত্রণালয়, শের-ই-বাংলা নগর, ঢাকা।
৫. অফিস কপি/ সার্কুলার ফাইল/ গার্ড ফাইল।

২৯/১১/২০২১
মোঃ আজিজ তাহের খান
পরিচালক (ই-জিপি)
ফোনঃ ৯১৮০৮৫২